# ঢাকা বোর্ড-২০১৯

## ফিন্যান্স ও ব্যাংকিং

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৫ | ২ |

পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ৩টি করে প্রশ্ন নিয়ে মোট ৭টি প্রশ্নের উত্তর দাও।]*

### ফিন্যান্স অংশ

১.▶ এম. কম পাস শামীম চাকরির পিছনে না ঘুরে বাবার ৫ একর কৃষি জমিতে বহুমুখী প্রকল্প গড়ে তোলেন। শামীম বীজ, সার, গরু, পোনামাছ ও কিছু খামার সরঞ্জাম কেনার জন্য 'যুব উন্নয়ন ব্যাংক' থেকে ঋণ গ্রহণ করেন। ৫ বছর পর তার খামার বড় হলে তিনি 'যুব উন্নয়ন ব্যাংক'-এর পাশাপাশি প্রতিষ্ঠিত বাণিজ্যিক ব্যাংক A.B.L হতেও ঋণ গ্রহণ করে একটি হিমাগার স্থাপন করেন। উক্ত বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ গ্রহণের ফলে তাকে কর কম দিতে হচ্ছে। এভাবে বিভিন্ন উৎস থেকে অর্থায়ন করে শামীম সফলকাম হয়ে দেশ ও জাতির উন্নয়নে ভূমিকা রাখছেন।

ক. প্রাইভেট কোম্পানির উদ্যোক্তার সদস্য সংখ্যা কত থেকে কত হতে পারে? ১

খ. 'লভ্যাংশ সমতাকরণ তহবিলের সাথে কোম্পানির সুনাম জড়িত' —উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. শামীমের যুব উন্নয়ন ব্যাংক থেকে ঋণ গ্রহণ, অর্থায়নের কোন মেয়াদি উৎস? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে শামীমের মতো ছেলেরা বিভিন্ন মেয়াদি উৎস থেকে অর্থায়ন করে কীভাবে সফলকাম হয়ে দেশ ও জাতির উন্নয়নে ভূমিকা রাখছে? মূল্যায়ন করো। ৪

২. মি. রহিম ১০ বছর পর ফ্ল্যাট কেনার উদ্দেশ্যে ১০ লক্ষ টাকা ব্যাংকে জমা রাখতে চান। 'ক' ব্যাংক তাঁকে ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে ৬.৫০% হারে সুদ দেওয়ার প্রস্তাব দিয়েছে। অপরদিকে 'খ' ব্যাংক ১০ বছর পর বার্ষিক চক্রবৃদ্ধিতে ৮% হারে ২০ লক্ষ টাকা দেওয়ার প্রস্তাব দেয়।

ক. সুযোগ ব্যয় কী? ১

খ. দীর্ঘমেয়াদি বিনিয়োগের অভিনব পদ্ধতি কোনটি? ব্যাখ্যা করো। ২

গ. মি. রহিম ১০ বছর পর 'ক' ব্যাংক থেকে কত টাকা পাবেন? ৩

ঘ. মি. রহিম কোন ব্যাংকের প্রস্তাব গ্রহণ করবে বলে তুমি মনে করো? যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

৩.▶ জনাব আলম একজন সুশিক্ষিত সফল বিনিয়োগকারী। তিনি সবসময় নতুন নতুন প্রযুক্তি ব্যবহার করেন। তিনি ব্যবসা প্রতিষ্ঠানের পরিকল্পনা প্রণয়নের সময়ই ভবিষ্যতের সম্ভাব্য ঘটনাসমূহ বিচার-বিশ্লেষণ করে সেই অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করেন। আবার পণ্যের বাজার চাহিদা সম্পর্কে বিচার-বিশ্লেষণ করে, একাধিক পণ্য বাজারে ছাড়েন। এভাবে তিনি ঝুঁকি মোকাবেলা করতে সফল হয়েছেন। আলম সাহেবের 'তিস্তা' প্রকল্পের গত পাঁচ বছরে অর্জিত মুনাফার হার ছিল যথাক্রমে ১২%, ১৪%, ৮%, ৭% এবং ৬%।

ক. কোন আয় সবচেয়ে ঝুঁকিবহুল? ১

খ. দায় পরিশোধের অক্ষমতা থেকে কোন ঝুঁকির সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২

গ. মি. আলমের 'তিস্তা' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের মি. আলমের গৃহীত পদক্ষেপগুলো কী ঝুঁকি মোকাবেলায় যথেষ্ট? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪.▶ জনাব সোহাগ যমুনা প্রকল্পে ৫,০০,০০০ টাকা ৫ বছরের জন্য বিনিয়োগ করেন। আগামী ৫ বছর মেশিনগুলো থেকে প্রাপ্য নিট মুনাফা প্রাক্কলন করা হয় যথাক্রমে ১ম বছর ৬০,০০০ টাকা; ২য় বছর ৭০,০০০ টাকা; তৃতীয় বছর ৭৫,০০০ টাকা; ৪র্থ বছর ৮০,০০০ টাকা এবং ৫ম বছর ৮৫,০০০ টাকা। জনাব সোহাগ সরলরৈখিক পদ্ধতিতে প্রকল্পটির অবচয় ধার্য করে থাকেন।

ক. মূলধন বাজেটিং প্রক্রিয়ায় বাট্টার হার হিসাবে কী ব্যবহার করা হয়? ১

খ. মুদি দোকানির ফ্রিজ ক্রয় কোন ধরনের বিনিয়োগ সিদ্ধান্ত? ব্যাখ্যা করো। ২

গ. যমুনা প্রকল্পটির গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. যমুনা প্রকল্পটির পে-ব্যাক সময় নির্ণয় করো। একাধিক প্রকল্পের ক্ষেত্রে পে-ব্যাক পদ্ধতিতে কোন প্রকল্পটি গ্রহণযোগ্য বলে বিবেচিত হয়? ৪

৫. 'HF' গ্রুপ কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ২০০ কোটি টাকা, ঋণ মূলধন ২০০ কোটি টাকা ও অগ্রাধিকার শেয়ারের মূলধন ১০০ কোটি টাকা। ঋণকৃত মূলধনের সুদের হার ১০% ও অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশের হার ৮%। সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য যথাক্রমে ২৫৫ টাকা ও ১১০ টাকা। কোম্পানি এ বছর সাধারণ শেয়ার মালিকদের প্রতি শেয়ারে ১৩ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং অতীতে কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৪% হারে বৃদ্ধি পেয়েছে। করের হার ৪০%।

ক. তহবিল খরচ কাকে বলে? ১

খ. "বিনিয়োগ যত ঝুঁকিপূর্ণ প্রত্যাশিত আয় তত বেশি" —ব্যাখ্যা করো। ২

গ. 'HF' গ্রুপ কোম্পানির সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ার ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. 'HF' গ্রুপ কোম্পানির গড় মূলধনি ব্যয় নির্ণয়পূর্বক কোন উৎস থেকে মূলধন বৃদ্ধি লাভজনক হবে? মূল্যায়ন করো। ৪

৬.▶ **দৃশ্যকল্প-১:** ABC কোম্পানি তার শেয়ারহোল্ডারদের প্রতিবছর শেয়ারপ্রতি ১০% হারে লভ্যাংশ দিয়ে থাকে। বর্তমান বছর কোম্পানিটিতে পূর্বের তুলনায় লাভ বেশি হওয়ায় ২ ঃ ১ অনুপাতে স্টক লভ্যাংশ ঘোষণা করে।

https://teachingbd24.com

**দৃশ্যকল্প-২:** রূপম ও জুয়েল দুজনেই প্রায় একই ধরনের ২টি বড় স্বনামধন্য কোম্পানিতে বিনিয়োগ করে। রূপমের কোম্পানি জমি জামানত হিসেবে দিয়েছে, কিন্তু জুয়েলের বিনিয়োগে সে ধরনের সুযোগ নেই।

ক. সেকেন্ডারি বাজার কাকে বলে? ১

খ. কোন শেয়ারে বিনিয়োগ অধিক ঝুঁকিপূর্ণ? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে ABC কোম্পানিটির লভ্যাংশ নীতিটি কী কোম্পানির সুনাম ধরে রাখার জন্য যথেষ্ট? মতামত দাও। ৩

ঘ. দৃশ্যকল্প-২-এ কার বিনিয়োগ অধিক ঝুঁকিপূর্ণ? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

## ব্যাংকিং অংশ

**৭.▶** RADB ও IBL ব্যাংক দুইটি যথাক্রমে বরেন্দ্র অঞ্চলের কৃষকদের উন্নয়ন ও ধর্মীয় অনুশাসন অনুসারে প্রতিষ্ঠিত এবং পরিচালিত হলেও অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের সাথে সেবা প্রদানের মিল আছে। RADB ব্যাংকটি কৃষকদের সুবিধাজনক শর্তে ও স্বল্প সুদে ঋণ প্রদান ও বিভিন্ন পরামর্শ দান করে থাকে। অপরদিকে IBL ব্যাংকটি তার গ্রাহকদের কিছু বিশেষ পণ্য বা সেবা পাওয়ার সুযোগ দেয়।

ক. বাংলাদেশে কোন ধরনের ব্যাংক ব্যবস্থার প্রচলন নেই? ১

খ. মুদ্রাকে ব্যাংক ব্যবস্থার জননী বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. RADB ও IBL ব্যাংক দুইটি কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩

ঘ. RADB ও IBL ব্যাংক দুইটি তাদের বিশেষ কার্যক্রমের মাধ্যমে আমাদের দেশের উন্নয়নে কীভাবে ভূমিকা রাখছে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**৮.** 'ধরলা ব্যাংক' বাংলাদেশের অর্থনীতিতে প্রধান ভূমিকা পালনকারী একটি ব্যাংক। ব্যাংকটি বাংলাদেশের প্রায় সব অঞ্চলের মানুষের কাছে জনপ্রিয়। ধরলা ব্যাংক ব্যবসা থেকে বিভিন্নভাবে আয় করে থাকে। ব্যাংকটি আমানত গ্রহণ ও সুদ প্রদান, মূলধন গঠনের মাধ্যমে দেশের শিল্প, বাণিজ্য, অর্থনীতি ও সামাজিক উন্নয়নে বিভিন্ন রকম সেবা প্রদান করে থাকে।

ক. বাণিজ্যিক ব্যাংক কাকে বলে? ১

খ. আমদানি-রপ্তানিতে বাণিজ্যিক ব্যাংক ব্যবসায়ীদের কীভাবে সহযোগিতা করে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'ধরলা' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩

ঘ. 'ধরলা ব্যাংক' বাংলাদেশের অর্থনীতিতে প্রধান ভূমিকা পালনকারী ব্যাংক। উক্তিটি উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

**৯.▶** জনাব স্বপন সহকারী শিক্ষক পদে সরকারি স্কুলে যোগদান করার পর জানতে পারলেন তার বেতন ও ভাতা ব্যাংক হিসাবের মাধ্যমে হবে। তার কোনো ব্যাংক হিসাব না থাকায় তিনি একজন সিনিয়র সহকারী শিক্ষককে সাথে নিয়ে স্থানীয় একটি ব্যাংকে

https://teachingbd24.com

গেলেন। ব্যাংক অফিসার তাকে প্রথমেই গ্রাহক পরিচিত ফরম পূরণ করতে বলেন। সবশেষে স্বপন সাহেবের হিসাব খোলা হয়ে গেলে, ব্যাংক ম্যানেজার তাকে ১টি প্লাস্টিক কার্ড হাতে দিয়ে বলেন, "গ্রাহকদের জীবনযাত্রার মান উন্নত ও গতিশীল করতে আধুনিক ব্যাংকিং পণ্যগুলো বিশেষ ভূমিকা পালন করছে।"

ক. চেইন ব্যাংকের মুখ্য উদ্দেশ্য কী? ১

খ. ব্যাংকে বিভিন্ন প্রকার হিসাব খোলার ব্যবস্থা রাখার কারণ ব্যাখ্যা করো। ২

গ. স্বপন সাহেব কোন ধরনের হিসাব খুলেছেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ব্যাংক ম্যানেজারের উক্তিটির বিশ্লেষণ ও মূল্যায়ন করো। ৪

১০. আমিনুল ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পড়াশুনা শেষ করে একটি বহুজাতিক কোম্পানিতে কর্মকর্তা পদে দিনাজপুরে যোগদান করেন। তিনি স্থানীয় একটি বাণিজ্যিক ব্যাংকে হিসাব খুলে লেনদেন করতে থাকেন। আমিনুল ১ বছরের জন্য বিদেশে উচ্চ প্রশিক্ষণের জন্য যান। প্রশিক্ষণ শেষে তিনি তার কর্মস্থলে ফিরে আসেন এবং কিছু টাকা ব্যাংকে জমা রাখতে গেলে ব্যাংক কর্মকর্তা তাকে জানান তার হিসাবটি বন্ধ করে রাখা হয়েছে। তিনি আবেদনের মাধ্যমে হিসাবটি পুনরায় চালু করে ব্যাংকের সাথে চুক্তিবদ্ধ হন।

ক. ব্যাংকার কাকে বলে? ১

খ. 'ব্যাংক ব্যবস্থা ও মুদ্রাবাজার নিয়ন্ত্রণেই কেন্দ্রীয় ব্যাংক সৃষ্টির প্রধান উদ্দেশ্য' —ব্যাখ্যা করো। ২

গ. আমিনুল পুনরায় ব্যাংকের সাথে চুক্তিবদ্ধ হলে, তার প্রতি ব্যাংক কী কী দায়িত্ব পালন করবে বলে তুমি মনে করো? মতামত দাও। ৩

ঘ. উদ্দীপকের আমিনুলের ব্যাংক হিসাব বন্ধ করার সিদ্ধান্ত ব্যাংকের জন্য কী যৌক্তিক ছিল? মূল্যায়ন করো। ৪

১১.▶ নিম্নে দুইটি ব্যাংকের কার্যক্রম দেওয়া হলো—

| 'ক' ব্যাংক | 'খ' ব্যাংক |
|---|---|
| ১. বিনিময়ের মাধ্যম সৃষ্টি | ১. বৈদেশিক মুদ্রার তহবিল সংরক্ষণ |
| ২. ঋণ আমানত সৃষ্টি | ২. ঋণ নিয়ন্ত্রণ |
| ৩. অর্থ স্থানান্তর | ৩. ব্যাংক ব্যবস্থার উন্নয়ন |

ক. কেন্দ্রীয় ব্যাংকের প্রধান নির্বাহীকে কী বলে? ১

খ. দাগকাটা চেক বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'ক' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩

ঘ. ব্যাংক ব্যবস্থার উন্নয়নে কোন ব্যাংকটির ভূমিকা গুরুত্বপূর্ণ বলে তুমি মনে করো? বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

# ফিন্যান্স ও ব্যাংকিং

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৫ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**উদ্দীপকটি পড়ো এবং ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও।**

ব্যাংকিং ব্যবসায় মুনাফার আধিক্যের কারণে 'Y' ব্যাংক আরও একটি নতুন শাখা খুলতে চায়। এজন্য ব্যাংকটি 'X' ব্যাংকের অনুমতি চাইলে ব্যাংকটি তা প্রদানে সম্মত হয়।

**১. 'Y' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?**

ক) কেন্দ্রীয় ব্যাংক খ) বাণিজ্যিক ব্যাংক
গ) বিনিময় ব্যাংক ঘ) বিশেষ ব্যাংক

**২. 'Y' ব্যাংকের নতুন শাখা খোলার ফলে—**

i. 'Y' ব্যাংকে নতুন কর্মসংস্থান হবে
ii. 'X' ব্যাংকেরও মুনাফা বৃদ্ধি পাবে
iii. জনকল্যাণ সাধিত হবে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩. ব্যাংকিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কোনটি প্রয়োজন?**

ক) মুনাফা অর্জন খ) আর্থিক সচ্ছলতা
গ) দক্ষ জনশক্তি ঘ) গোপনীয়তা

**৪. আসবাবপত্রের ব্যবসায়ী মূলধন বাজেটিং-এর মাধ্যমে কোন সিদ্ধান্ত গ্রহণ করেন?**

ক) কাঠমিস্ত্রির বেতন নির্ধারণ
খ) কাঠ ক্রয়
গ) কাঠমিস্ত্রির জন্য যন্ত্রপাতি ক্রয়
ঘ) আসবাবপত্রের মূল্য নির্ধারণ

**৫. কোম্পানি তার প্রয়োজনীয় তহবিল কীভাবে সংগ্রহ করে?**

ক) মুনাফা অর্জন করে খ) শেয়ার ক্রয় করে
গ) শেয়ার বিক্রয় করে ঘ) ঋণ গ্রহণ করে

**৬. কোন অর্থায়নের ক্ষেত্রে অগ্রাধিকারের ভিত্তিতে অধিক গুরুত্বপূর্ণ ব্যয়গুলো পূরণ করা হয়?**

ক) পারিবারিক খ) সরকারি
গ) ব্যবসায় ঘ) আন্তর্জাতিক

**৭. ব্যবসায়ে বেশি লাভের আশায় অধিক তহবিল বিনিয়োগ করলে কোনটি ঘটে?**

ক) ব্যাংক থেকে প্রাপ্য আয় বাড়বে
খ) নগদ অর্থের ঘাটতি হবে
গ) অধিক মুনাফা অর্জিত হবে
ঘ) মুনাফা হ্রাস পাবে

**৮. একজন ফটোকপি ব্যবসায়ী করপূর্ব ঋণ মূলধন ব্যয় ১০% কে ৩০% কর হার দিয়ে সমন্বয় করলে কর সমন্বয়কৃত ঋণ মূলধন ব্যয় কত হবে?**

ক) ৭% খ) ৭.২৫%
গ) ৭.৫% ঘ) ৭.৭৫%

**৯. নিচের কোনটি সঠিক?**

ক) মুদ্রার ইতিহাস খুবই বৈচিত্র্যহীন
খ) মুদ্রা সঞ্চয়ের বাহন হিসাবে কাজ করে
গ) টাকা সকল দেশেই গ্রহণযোগ্য মুদ্রা
ঘ) মুদ্রার গ্রহণযোগ্যতা দিন দিন কমছে

**১০. একাধিকবার চক্রবৃদ্ধির ক্ষেত্রে কোনটির মাধ্যমে বর্তমান মূল্য নির্ধারণ করা হয়?**

ক) সুদ খ) আসল
গ) সুদাসল ঘ) বাট্টাকরণ

**১১. রুল '৭২' অনুযায়ী নিচের কোনটিকে সুদের হার দিয়ে ভাগ করলে মেয়াদ যাওয়া যায়?**

ক) ৭২ খ) আসল
গ) সুদাসল ঘ) দ্বিগুণ হার

**১২. আর্থিক ঝুঁকি বৃদ্ধি পায় যখন—**

i. ব্যাংকের ঋণে প্রতিষ্ঠান পরিচালিত হয়
ii. ঋণের সুদ পরিশোধ করতে হয়
iii. মুনাফা অর্জন সম্ভব হয় না

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৩. বাণিজ্যিক ব্যাংকের তহবিলের প্রাথমিক ও প্রধান উৎস কোনটি?**

ক) পরিশোধিত মূলধন
খ) গ্রাহক প্রদত্ত আমানত
গ) সংরক্ষিত তহবিল ঘ) ঋণ গ্রহণ

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ নং প্রশ্নের উত্তর দাও।**

একজন ব্যবসায়ী একটি মেশিন ক্রয় করতে চান। মেশিনটির মূল্য ১৫,০০০ টাকা। মেশিনটি ব্যবহার করে তিনি আগামী ৪ বছরে বার্ষিক ৫,০০০ টাকা আন্তঃপ্রবাহ নিশ্চিত করতে পারবেন।

**১৪. উক্ত ব্যবসায়ীর পে-ব্যাক সময় কত?**

ক) ৩ বছর খ) ৪ বছর
গ) ৫ বছর ঘ) ৬ বছর

**উদ্দীপকটি পড়ো এবং ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব সিরাজ একজন ব্যাংক কর্মকর্তা। তার ব্যাংকের পরিচালকদের সর্বোচ্চ সংখ্যা সীমাহীন। অপরদিকে জনাব রমিজ যে ব্যাংকে কর্মরত সেটি পরিচালনায় রাষ্ট্র হস্তক্ষেপ করে।

**১৫. জনাব সিরাজ ও জনাব রমিজের কর্মক্ষেত্রের কিছু পার্থক্য হলো—**

i. শেয়ার অবাধে হস্তান্তরযোগ্যতায়
ii. পরিচালকের সংখ্যায়
iii. মালিকানাগত দিক থেকে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

Teachingbd24.com

**১৬. মানসিকভাবে অসুস্থ ব্যক্তির সাথে ব্যাংকের সম্পর্কের সমাপ্তি ঘটার কারণ কোনটি?**
ⓚ ব্যাংকের স্বাভাবিক কাজে বিঘ্ন ঘটবে
ⓛ ব্যাংকের সুনাম ক্ষুণ্ন হবে
ⓜ অসুস্থ ব্যক্তির চুক্তি সম্পাদনের যোগ্যতা থাকে না
ⓝ অসুস্থ ব্যক্তি বিশৃঙ্খলা সৃষ্টি করবে

**১৭. কেন্দ্রীয় ব্যাংক দেশীয় মুদ্রার মান অক্ষুণ্ন রাখতে চেষ্টা করে কীভাবে?**
ⓚ বৈদেশিক মুদ্রার আগমন নিয়ন্ত্রণ করে
ⓛ চাহিদা অনুযায়ী মুদ্রা প্রচলন করে
ⓜ আমদানি ও রপ্তানিকে দেশের অনুকূলে রেখে
ⓝ বৈদেশিক বিনিময় নিয়ন্ত্রণ করে

**১৮. কোন শেয়ার মালিকদের দাবি সকলের পর মিটানো হয়?**
ⓚ রাইট শেয়ার ⓛ বোনাস শেয়ার
ⓜ বিলম্বিত শেয়ার ⓝ অগ্রাধিকার শেয়ার

**১৯. জনাব মুসতাঈন চীন থেকে যন্ত্রপাতি ক্রয়ের জন্য সোনালী ব্যাংকে ৪০ লক্ষ টাকার একটি এলসি খুলেছেন। সোনালী ব্যাংক কার বরাবর এলসি ইস্যু করবে?**
ⓚ সরকার ⓛ মুসতাঈন
ⓜ চীনের রপ্তানিকারক ⓝ বাংলাদেশ ব্যাংক

**২০. কেন্দ্রীয় ব্যাংক কীভাবে বাণিজ্যিক ব্যাংকগুলোর সহযোগী হিসাবে কাজ করে?**
ⓚ সুসংগঠিত নিয়মনীতি দ্বারা
ⓛ সরকারি নির্দেশনার মাধ্যমে
ⓜ পরিকল্পনা বাস্তবায়ন করে
ⓝ বিভিন্ন সাহায্য সহযোগিতা করে

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব রফিক আজাদ সিটি ব্যাংক লি.-এ ৫,০০০ টাকা জমা দিয়ে একটি হিসাব খুললেন। কিছুদিন পর উক্ত ব্যাংকের ইস্যু করা ৫০,০০০ টাকার একটি চেক পেয়ে টাকা তুলতে গেলেন। ব্যাংক কর্মকর্তা জনাব রফিককে টাকা না দিয়ে চেকটি তার হিসাবে জমা দিতে পরামর্শ দিলেন।

**২১. জনাব রফিক হলেন ব্যাংকের—**
ⓚ ডেটর ⓛ ক্রেডিটর
ⓜ অছি ⓝ প্রতিনিধি

**২২. উদ্দীপকে উল্লিখিত চেকটি অধিকতর নিরাপদ। কারণ—**
i. এর অর্থ ব্যাংক হিসাবের মাধ্যমে তুলতে হয়
ii. চেকের কোণায় আড়াআড়ি সমান্তরাল রেখা টানা থাকে
iii. হিসাব ধারকের স্বাক্ষর ছাড়া টাকা উঠানো যায় না

**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**২৩. কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠানে অর্থায়ন প্রক্রিয়া ভিন্ন হয়?**
ⓚ একমালিকানা ⓛ অংশীদারি
ⓜ যৌথ মূলধনী ⓝ সমবায়

**২৪. কোনটি কেন্দ্রীয় ব্যাংকের সাধারণ কাজ?**
ⓚ সরকারি ঋণের তদারক করা
ⓛ ব্যাংক ব্যবস্থার উন্নয়ন করা
ⓜ শিল্প উন্নয়নে নীতি নির্ধারণ করা
ⓝ ঋণের ব্যবহার নিশ্চিত করা

**২৫. বন্ড হোল্ডারগণ কোম্পানির কী হিসাবে গণ্য হন?**
ⓚ মালিক ⓛ ঋণগ্রহীতা
ⓜ ঋণদাতা ⓝ দেনাদার

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব হেলাল তার ক্রয়কৃত শেয়ার থেকে নিয়মিত লভ্যাংশ পান না। সাম্প্রতিককালে শেয়ারবাজারে অব্যাহত দরপতনের কারণে তিনি এমন একটি বিকল্প বিনিয়োগ ক্ষেত্র খুঁজছেন যেখানে সুদের হার দীর্ঘসময় ধরে নির্ধারিত থাকে।

**২৬. জনাব হেলালের শেয়ারটি কোন ধরনের?**
ⓚ সাধারণ শেয়ার
ⓛ অগ্রাধিকার শেয়ার
ⓜ বিলম্বিত শেয়ার
ⓝ রাইট শেয়ার

**২৭. জনাব হেলালের বিকল্প বিনিয়োগ ক্ষেত্রটি খোঁজার কারণ কী?**
ⓚ তিনি দক্ষতার সাথে কাজ করতে পারবেন
ⓛ এই ক্ষেত্রে আয়ের নিশ্চয়তা রয়েছে
ⓜ সহজেই মূলধন ফেরত পাওয়া যায়
ⓝ লোকসানের ঝুঁকি কম

**২৮. গড় মূলধন ব্যয় কোনটির সাথে জড়িত?**
ⓚ ঝুঁকি পরিমাপ ⓛ সংরক্ষিত আয়
ⓜ তহবিলের উৎসের ব্যয় নির্ণয়
ⓝ সুযোগ ব্যয়

**২৯. ভবিষ্যতের নগদ প্রবাহকে বর্তমান মূল্যে রূপান্তর করা যায় কীভাবে?**
ⓚ নগদ প্রবাহ প্রাক্কলন ⓛ চক্রবৃদ্ধিকরণ
ⓜ মূলধন বাজেটিং ⓝ বাট্টাকরণ

**৩০. দেনা-পাওনা নিষ্পত্তির মাধ্যমে হিসাবে ব্যবহৃত হয়—**
i. চেক ii. বিনিময় বিল
iii. ডেবিট কার্ড

**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | খ | ৩ | খ | ৪ | গ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | * | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

https://teachingbd24.com